ঝিনাইদহে সম্মিলিত সাংস্কৃতিক জোটের অফিস নির্মাণের উদ্বোধন

ঝিনাইদহ সম্মিলিত সাংস্কৃতিক জোটের অফিস ঘর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু।

গতকাল শুক্রবার সকালে ঝিনাইদহ শিল্পকলা একাডেমির পিছনে এই অফিসঘর নির্মাণের কাজের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বে-সরকারি সংস্থা সিও’র নির্বাহী পরিচালক শামসুল আলম, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি শান্ত জোয়ার্দ্দাার ও সাধারণ সম্পাদক বাবুল আক্তার লাল্টুসহ জোটের নেতৃবৃন্দ ।

দীর্ঘ দিনের এই প্রত্যাশা বাস্তবে রূপ নেওয়ায় সম্মিলিত সাংস্কৃতিক জোটের নেতৃবৃন্দ মেয়রের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের পৃথক অভিযানে অবৈধ কারেন্ট জাল ও লাইসেন্স বিহীন পোল্ট্রি ফিডে জরিমানা আদায় কারা হয়েছে।

ব্যবসা পরিচালনা, সামাজিক দূরুত্ব বজায় না রাখা ও মাস্ক ব্যবহার না করার দায়ে ১৩ হাজার ৫’শ টাকা জরিমানা আদায় করা হয়েছে। শুক্রবার বিকালে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন ও মৎস্য বিভাগের যৌথ অভিযানে কপোতাক্ষ নদের সাহেব বাড়ী ঘাট ও শহরের পোস্ট অফিস মোড়ে এই

ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়।

এ সময় সলেমানপুর পালপাড়ার নিত্ত রঞ্জন বিশ্বাসের ছেলে বিকাশ বিশ্বাসকে অবৈধ কারেন্ট জাল ব্যবহারের দায়ে মৎস্য রক্ষা ও সংরক্ষণ ১৯৫০ আইনের ৫(১) ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে জব্দকৃত ১’শ মিটার জাল আগুনে পুড়িয়ে ফেলা হয়। আহরণ করা দেশীয় মাছ পানিতে অবমুক্ত করা হয়।

পরে শহরের দুটি পোল্টি ফিডের দোকানে অভিযান পরিচালনা করে লাইসেন্স বিহীন পোল্টি ফিডের ব্যবসা পরিচালনার দায়ে মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ এর ২০ ধারায় ২ জন পোল্টি ফিড ব্যবসায়ীকে ৮ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে সামাজিক দূরুত্ব বজায় ও মাস্ক ব্যবহার না করায় চায়ের দোকানে ৫’শ টাকা জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা সহকারী প্রোগ্রামার জিয়াউর রহমান, অফিস সহকারি সুব্রত বিশ্বাস, মডেল থানার এসআই তৌফিক আনাম, সাংবাদিক মঈন উদ্দীন খানসহ থানা পুলিশের একটি টিম।

জীবননগরে রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগরে দৌলৎগঞ্জ এইট স্টার স্মৃতি রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টার সময় দৌলৎগঞ্জ যুব সংঘের আয়োজনে পৌর কাউন্সিলার শোয়েব আহম্মেদ অঞ্জনের বাড়ি সংলগ্ন মাঠে এ খেলার উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ মুকু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর

আলম, জীবননগর পৌর সভার ৪নং ওর্য়াড কাউন্সিলার শোয়েব আহম্মেদ অঞ্জন, ৩নং ওর্য়াড কাউন্সিলার সাংবাদিক আতিয়ার রহমান, সাবেক ফুটবলার সিরাজুল ইসলাম, শাজাহান কবির, সাংবাদিক মিঠুন মাহমুদ প্রমুখ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন দৌলৎগঞ্জ যুব সংঘের সভাপতি মহিবিল্লাহ ।

শৈলকপা উপজেলা চেয়ারম্যানের স্মরণে মিলাদ মাহফিল

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদ চত্বরে সদ্য প্রয়াত উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা শিকদার মোশারফ হোসেনের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এক দোওয়া ও মিলাদ মাহফিল অনুষ্টিত হয়।

উপজেলা আওয়ামী লীগ আয়োজিত এ দোওয়া মাহফিল বাদ জুম্মা উপজেলা পরিষদ মাঠে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: সাইফুল ইসলাম, সাবেক উপজেলা চেয়ারম্যান অধ্যাপক আবেদ আলী, নায়েব আলী জোয়ার্দার, জেলা আওয়মী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, শৈলকুপা পৌর মেয়র কাজী আশরাফুল আজম, সাবেক জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু সহ প্রমুখ।

ঝিনাইদহে পৃথক সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত

ঝিনাইদহের মহেশপুর উপজেলায় আলাদা সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত হয়েছে। শুক্রবার সকালে মহেশপুর উপজেলার সেজিয়া গ্রাম ও খালিশপুর বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মহেশপুর উপজেলার খালিশপুর বাজারে রাস্তা পার হচ্ছিল চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার আব্দুল হামিদের ছেলে মামুনুর রশিদ (৩০)। এসময় ঢাকা থেকে জীবননগর গামী রয়েল পরিবহণের একটি বাস তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে সে ঘটনাস্থলেই নিহত হয়।

এদিকে মহেশপুর উপজেলার সেজিয়া গ্রামের জানলাকাটা ব্রীজ এলাকায় গরু বোঝায় একটি পিকআপ ভ্যান নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার পাশের খাদে পড়ে যায়। এতে ঘটনাস্থলেই ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী ইউনিয়নের প্রতাপপুর গ্রামের আবুল হোসেনের ছেলে সবুজ হোসেন (৩২) নিহত হয়।

মহেশপুর থানার ওসি সাইফুল ইসলাম ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠানো হচ্ছে। এ ঘটনায় আলাদা দুটি অপমৃত্যু মামলা হয়েছে।

ঝিনাইদহ যুবলীগের আয়োজনে এতিমদের মাঝে খাবার পরিবেশন

ঝিনাইদহ সদর থানা যুবলীগের আয়োজনে এতিম শিক্ষার্থীদের মাঝে খাবার পরিবেশন করা হয়েছে। শুক্রবার জুম্মাবাদ সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের চুয়াডাঙ্গা দারুল কোরআন হাফেজীয়া মাদরাসা ও এতিমখানার শিক্ষার্থীদের মাঝে রান্না খাবার পরিবেশন করা হয়। সদর থানা যুবলীগের আহবায়ক শাহ্ মোহাম্মদ ইব্রাহীম খলিল রাজা এ অনুষ্ঠানের আয়োজন করেন। এ সময় উপস্থিত ছিলেন জেলা যুবলীগের

অন্যতম সদস্য বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক আলহাজ্ব মোঃ বাসের আলম সিদ্দিকী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের সহ-সভাপতি ডাক্তার সিরাজ, সমাজ সেবক মুরাদ খানসহ সদর থানা যুবলীগ ও স্থানীয় যুবলীগের নেতাকর্মীরা। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রতিষ্ঠাতা প্রয়াত শেখ ফজলুল হক মনি এর বিদেহী আত্মার মাগফেরাত এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করে দোয়া মোনাজাত করা হয়।

মনিরুজ্জজামান রাসেল
ঝিনাইদহ।
মোবাঃ ০১৭১২৯৯৯৭৩৪

ঝিনাইদহে করোনায় আক্রান্ত হয়ে আরও এক জনের মৃত্যু

ঝিনাইদহে করোনায় আক্রান্ত হয়ে সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আনোয়ার হোসেন নামে আরও এক ◌ঁজনের মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার সকালে তিনি ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা আইসোলেশনে সিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরন করেন।

তিনি ঝিনাইদহ সদর উপজেলার উত্তর কাস্টসাগরা সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসায় উচ্চমান সহকারী হিসেবে কর্মরত ছিলেন এবং শহরের ব্যাপারী পাড়ার আব্বাস উদ্দীন সড়কের বাসিন্দা।

ঝিনাইদহ সিভিল সার্জনের করোনা সেলের মুখপাত্র ডাঃ প্রসেনজিৎ বিশ্বাস পার্থ এর সত্যতা নিশ্চিত করেছেন। এ নিয়ে জেলায় মোট মৃত্যু’র সংখ্যা দাড়াল ৩৭জনে। এছাড়া গত কাল ৮জন নতুন করোনা রোগী সনাক্ত হয়েছে এবং এ পর্যন্ত জেলায় মোট সনাক্তের সংখ্যা ২১২৬ জন।

হরিণাকুণ্ডুতে সব্জির ব্যাগ থেকে ১ কেজি গাঁজা উদ্ধার

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে কালাম, ইমরান ও জনি নামে তিন মাদক ব্যাবসায়িকে এক কেজি গাঁজাসহ গ্রেপ্তার করেছে থানা পুলিশ। গ্রেপ্তারকৃত জনি ঝিনাইদহ সদর উপজেলার পাঁচটিকারি গ্রামের ফিরোজ হোসেনের ছেলে। ইমরান পাশর্^বর্তি চুয়াডাঙ্গা জেলার দর্শনা উপজেলার ঠাকুরপুর গ্রামের ইমারুল ইসলামের ছেলে ও কালাম একই গ্রামের আসাদুল ইসলামের ছেলে।

বৃহস্পতিবার রাতে উপজেলার চাঁদপুর বাজার এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। এসময় তাদের কাছে থাকা একটি সবজির ব্যাগ তল্লাসি করে এক কেজি গাঁজা উদ্ধার করে পুলিশ।

হরিণাকুণ্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, রাতে তিনি নিজে উপস্থিত থেকে ওই এলাকায় পুলিশের নিয়মিত টহল পরিচালনা করছিলেন। সেসময় একটি মোটরসাইকেলে করে ওই তিন যুবক যাচ্ছিলেন। এসময় তাদের কাছে থাকা একটি সবজির ব্যাগ তল্লাসি করে এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। তাদেরকে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনের মামলায় কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে বলেও তিনি জানান।

ঝিনাইদহে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা ভাতা বিতরণ

ঝিনাইদহে মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা ভাতা বিতরণ করা হয়েছে। তহবিলের আওয়তায় আগামী ৩৬ মাস শহরের পৌর এলাকার ৩ শত মায়েদের প্রতি মাসে ৮ শত টাকা করে প্রদান করা হবে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ পৌরসভার মিলনায়তনে
ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেয়র সাইদুল করিম

মিন্টুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলুফার রহমান, সদর থানার ওসি মিজানুর রহমান, ব্যাংক এশিয়া ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক তৌহিদুজ্জামান।

ঝিনাইদহে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে অভিযান

ঝিনাইদহে করোনা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিধি মানা ও মাস্ক ব্যবহার নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত রয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল থেকে শহরের পায়রা চত্তর, আরাপপুর, হামদহ বাসটার্মিনালসহ বিভিন্ন স্থানে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট অভিযান পরিচালনা করেছে।
জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, করোনার ২য় ঢেউ মোকাবেলায় জেলা প্রশাসনের পক্ষ থেকে ৩ দিন ব্যাপী ক্রাশ প্রোগ্রাম হাতে নেওয়া হয়েছে। মঙ্গলবার থেকে বৃহস্পতিবার দুপুর পর্যন্ত শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মাস্ক না পরার অপরাধে ৬০ জনকে ৩২ হাজার ৭ শত ৫০ টাকা জরিমানা করা হয়। এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে চলাচল ও মাস্ক ব্যবহার করতে প্রচারণা চালানো হচ্ছে।